মুজিবনগরে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন সংক্রান্ত যৌথ সভা অনুষ্ঠিত

মুজিব শতবর্ষে সহ কেউ গৃহহীন ও ভূমিহীন থাকবে না মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই ঘোষণা কে বাস্তবায়িত করার লক্ষ্যে, মুজিবনগর উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন সংক্রান্ত এক যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার সময় উপজেলা পরিষদ মিলনায়তনে এই সভার আয়োজন করা হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে, ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন সংক্রান্ত যৌথসভায় উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার মামুনুর রশিদ, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান মাহবুবুর রহমান রবি, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম সহ উপজেলার ইউনিয়নের নির্বাচিত ওয়ার্ড সদস্য ও সদস্যাবৃন্দ।

যৌথসভায় যেসব পরিবার গৃহহীন ও ভূমিহীন তাদেরকে সঠিকভাবে বাছাই পূর্বক এবং ভূমি প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।

মুজিবনগরে আরডি প্রদর্শনী মৎস্য চাষীদের মাঝে মৎস্যজাত

উপকরণ বিতরণ

“নিরাপদ মাছে ভরবো দেশ “মুজিব বর্ষে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত) এর আওতায় ২০১১-২০২১ অর্থ বছরে বাস্তবায়িত আরডি প্রদর্শনী মৎস্য চাষীদের মাঝে মৎস্যজাত উপকরণ বিতরণ করা হয়েছে।

উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার দপ্তরের বাস্তবায়নে বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদের সামনে এসব উপকরণ বিতরণ করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার উপস্থিত থেকে এসব সামগ্রী বিতরণ করেন এ সময় উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মুজিবনগর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম উপজেলা শিক্ষা অফিসার মামুনুর রশিদ, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহকারী মৎস্য কর্মকর্তা আহসান হাবীব।

ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত) এর আরডি প্রদর্শনীর আওতায় উপজেলার ৩ জন মৎস্য চাষীককে ১০ বস্তা করে মৎস ফিড বিনামূল্যে প্রদান করা হয়।

মেহেরপুরে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় অংশ নেবে ৬১১৪ জন পরীক্ষার্থী

আগামীকাল শুক্রবার মেহেরপুরে জেলাতে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ অনুষ্ঠিত হবে।

সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় জেলার ৬ হাজার ১১৪ জন পরীক্ষার্থী

অংশ নেবন। জেলা সদরের ১০ টি পরীক্ষা কেন্দ্রে শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ অনুষ্ঠিত হবে।

মেহেরপুর সরকারী কলেজ কেন্দ্রে ১৫০৮ জন, সরকারী মহিলা কলেজ কেন্দ্রে ৬৮২ জন, সরকারী বালক উচ্ছ বিদ্যালয় কেন্দ্রে ৮০০ জন, সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৫৫০ জন, সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ৪৮০ জন, সিউদ্দীন ডিগ্রী কলেজ কেন্দ্রে ৬৭২ জন, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বিএম কলেজ কেন্দ্রে ৩০০ জন, মেহেরপুর দারুল উলুম আহমাদিয়া মাদ্রাসা কেন্দ্রে ৪৫০ জন, কবি নজরুল শিক্ষা মঞ্জিল কেন্দ্রে ২৫০ জন ও জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ৪২২ জন পরীক্ষার্থী অংশ নেবেন।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেন রঞ্জন রায় বলেছেন, পরীক্ষা সুষ্ঠভাবে পরিচালনা করতে সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে। ইতোমধ্যে পরীক্ষার কেন্দ্রগুলো ঠিকভাবে প্রস্তুত করা হয়েছে।

সকাল ৯ টা থেকে বেলা ১২ টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা কেন্দ্রগুলোর আশে পাশে ওই সময় ১৪৪ ধারা জারি করা হয়েছে প্রশাসনের পক্ষ থেকে। সকাল সাড়ে ১০ টার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবেনা।

এছাড়া পরীক্ষা চলাকালিন সময়ে জেলা শহরের সবগুলো ফটোকপিয়ারের দোকান বন্ধ ঘোষণা করা হয়েছে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষা কেন্দ্রে কোনো পরীক্ষার্থী বই, খাতা, ক্যালকুলেটর, ইলেকট্রনিক ডিভাইস, ইলেকট্রনিক ঘড়ি, উত্তরপত্র, নোট বা কোনো কাগজ, ভ্যানেটি ব্যাগ, পার্স, মোবাইল ফোন বা কোনো ধরণের বস্তু নিয়ে প্রবেশ করতে পারবেনা।

এসব নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করলে তাকে বাহি:স্কার বা তাৎক্ষনিকভাবে আইনগত ব্যবস্থা নেয়া হবে। এসংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে মেহেরপুর জেলা তথ্য অফিস প্রচার পত্র বিলি করছেন।

মেহেরপুরে বীমা সংক্রান্ত ও নিরাপদ অভিবাসন বিষয়ে সেমিনার

মেহেরপুরে বিদেশগামী কর্মীদের বীমা সংক্রান্ত এবং নিরাপদ অভিবাসন বিষয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২ জুন) সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসচিব মো: আব্দুস সালাম ও পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লভ ভট্টচার্য ।

এছাড়া অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, এনএসআই’র উপ-পরিচালক এমদাদুল হক, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক জাহিদ হাসান, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, মেহেরপুর টিটিসির অধ্যক্ষ আরিফ আহমেদ তালুকদার প্রমুখ।

গাংনীতে দূর্বৃত্তের আগুনে পুড়লো কৃষকের সেচ পাম্প

গাংনী উপজেলার চাঁদপুর গ্রামে দূর্বৃত্তের দেওয়া আগুনে পুড়লো কৃষকের মাঠের সেচ পাম্প।

বুধবার (১ জুন) দিবাগত রাতের কোনো এক সময় গাংনী উপজেলার রাইপুর ইউনিয়নের চাঁদপুর গ্রামের মাঠে এ ঘটনা ঘটে।
সেচ পাম্পটি পুড়ে যাওয়ায় কৃষক হাফিজুর রহমান মঙ্গলের এখন

দিশেহারা। চলতি মৌসুমে ওই মাঠের কৃষকরা এখন তাদের জমিতে সেচ কাজ নিয়ে শংকিত।

সেচ পাম্পের মালিক হাফিজুর রহমান মঙ্গল জানান, বিএডিসির লাইসেন্স নিয়ে স্থানীয় মাঠে মাঠে ১টি গভীর নলকূপ স্থাপন করা হয়। এই সেচ পাম্পেটি এই মাঠের ভরসা।

রাইপুর ইউনিয়ন পরিষদের সদস্য (মেম্বর) হাসান আলী জানান, সেচ পাম্পে আগুন দেয়ার কারণে চলতি মৌসুমে ওই মাঠের কৃষকদের সেচ কাজ ব্যহত হবে।

এ বিষয়ে গাংনী থানায় একটি ডায়েরি করার প্রস্তুতি চলছে।

অজপাড়া গাঁয়ে জন্মেও আন্তর্জাতিক বিজ্ঞানী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মাস্যিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগের সাবেক ডিন, প্রফেসর ড. মো: আব্দুর রশিদ। গাংনীর অজপাড়াগাঁ সাহারবাটি গ্রামে জন্ম। অথচ,এখন তিনি বিশ্বের বিজ্ঞানীদের শীর্ষ তালিকায় মর্যাদাপূর্ণ স্থানে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ উভয় ক্যাটাগরিতেই শীর্ষ বিজ্ঞানীদের তালিকায় প্রথম স্থান অধিকার করেন। এছাড়া এশিয়া ও বৈশ্বিক ক্যাটাগরিতেও তিনি চতুর্থ ও পঞ্চম স্থান লাভ করেছেন।

সংস্থাটি সারা বিশ্বের ২০৬টি দেশের ১৩,৫৩১টি বিশ্ববিদ্যালয়ের ৭ লক্ষেরও বেশি বিজ্ঞানীর সাইটেশন ও অন্যান্য ইনডেক্সের ভিত্তিতে গত ১০ অক্টোবর ২০২১ ইং বিশ্বব্যাপী এ তালিকাটি প্রকাশ করে।

এই তালিকায় সবচেয়ে মর্যাদার আসনটি প্রথম স্থানে ড. মো: আব্দুর রশিদের নাম ঘোষণা করেন সংস্থাটি।

প্রফেসর ড. মো: আব্দুর রশিদ মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের কৃষক আলী হোসেনের ছেলে।তিনি গ্রামের প্রাথমিক বিদ্যালয় থেকে প্রাথমিকে পাশ করে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ ও ও

মেহেরপুর সরকারী কলেজে পড়ালেখার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে সেখানেই চাকুরি করেন।

বর্তমানে এই কৃতিমান স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এসইউবি)-এর ফার্মাসি বিভাগের উপদেষ্টা।

তথ্য ও ছবি জুলফিকার আলী কানন

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ জন গ্রেফতার

মেহেরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৬ আসামীকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ।
গ্রেফতারকৃতদের মধ্যে জিআর মামলায় ৪ জন ও সিআর মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ২ জন রয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খানের নেতৃত্বে পুলিশের পৃথক টীম বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন। গতকাল বুধবার দিবাগত রাতভর সদর উপজেলার বিভিন্ন স্থানে এ অভিযান চালান হয়।

সদর থানার ওসি শাহ দারা খান জানান, আদালতের পরোয়ানা পেয়ে এসব আসামীদের বাড়িতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর বিশ্ব দুগ্ধ দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

“পুষ্টি,পরিবেশ ও অর্থনৈতিক উন্নয়নে টেকসই দুগ্ধ শিল্প” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বুধবার সন্ধ্যায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা প্রাণিসম্পদ দপ্তরের আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ মোঃ সাইদুর, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা প্রানীসম্পদ অফিসার মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা সম্প্রসারণ কর্মকর্তা মোঃ রহমত তুল্লাহ, আজহারুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীবৃন্দরা গান ও কবিতা পরিবেশন করে অতিথিদের মন জয় করে নেয়।

মুজিবনগরে আম গাছ থেকে পড়ে ১ শ্রমিক নিহত

মেহেরপুরের মুজিবনগর উপজেলাধীন শিবপুর গ্রামের বগা নামের এক ব্যাক্তির আম বাগানে আম পাড়তে গিয়ে গাছ থেকে পড়ে কালু (৫০) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুর ২ টার সময় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান কালু। তিনি মুজিবনগর উপজেলাধীন মোনাখালী ইউনিয়ন এর রামনগর গ্রামের মৃত: হিচাব আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার সকালের দিকে মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রামের বগার আম বাগানে শ্রমিক হিসাবে আম গাছে উঠে আম

পাড়ছিলেন কালু। হঠাৎ গাছের ডাল ভেঙে মাটিতে পড়ে গুরুতর আহত হন তিনি। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান।

সেখানে শারীরিক অবস্থার অবনতি হলে তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করেন চিকিৎসক।কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় দুপুর ২ টার দিকে তিনি মারা যান।

শেষ খবর পাওয়া পর্যন্ত কুষ্টিয়া জেনারেল হাসপাতাল থেকে লাশ থেকে নিজ বাসভবনে নিয়ে আনার প্রস্ততি চলছে।

গাংনীর পৃথক স্থানে সংঘর্ষে নারীসহ ৮ জন আহত

গাংনীর পৃথক তিনটি পল্লীতে জমি সংক্রান্ত বিরোধ ও পারিবারিক কলহের জের ধরে ৮ জন আহত হয়েছেন।
মঙ্গলবার সকালের দিকে কোদাইলকাটি, দুপুরের দিকে খড়মপুরে ও বিকালের দিকে মোহাম্মদপুর ও ধানখোলা গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলেন মোহাম্মাদপুর গ্রামের রাহিবুল ইসলাম ওরফে রকির স্ত্রী চাঁদনী খাতুন (২২), খরমপুর গ্রামের তৌহিদুল ইসলামের ছেলে মারুফ হোসেন (২৬), রেজাউল হকের স্ত্রীনাসিমা খাতুন (৫২), সিরাজুল ইসলামের ছেলে আলমগীর হোসেন (২৪), আব্দুল বারেক মোল্লার ছেলে আতিয়ার রহমান (৫৫), কোদাইলকাটি গ্রামের দসির উদ্দীনের ছেলে আবুল কাসেম ও মওলা বকস (৪৫) এবং ধানখোলা গ্রামের জমির উদ্দীনের ছেলে উজ্জল হহোসেন (৩০)।

মোহাম্মদপুর গ্রামের আহত চাঁদনী খাতুনের মা রেজিয়া খাতুন জানান, আমার মেয়ের বিয়ের পর থেকে তার শশুর মামুন হোসেন ও শাশুড়ি রাশেদা খাতুন নির্যাতন করে আসছে। মঙ্গলবার দুপুরের দিকে চাঁদনীকে বিনা কারনে, তার শশুর ও শাশুড়ি মিলে বাইলিট দিয়ে পিটিয়ে আহত করেছে।

কোদাইলকাটি গ্রামের আহত কাশেমের স্ত্রী রোকাইয়া ◌ানান, সকালের দিকে পৈত্রিক সম্পত্তি নিয়ে জমি মাপতে যান স্থানীয় মাঠে। সেখানে আমার ভাসুর মওলা বকস, রমজান আলী ও তার ছেলে হক সাহেব মিলে বাঁশ দিয়ে পিটিয়ে আহত করেছে। এসময় মওলা বকসও আহত হন।

এদিকে খড়মপুর গ্রামে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে উভয় পক্ষের ৪ জন আহত হন। আহতরা সবাই গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিচ্ছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) শরীফুল ইসলাম জানান, আহতদের মধ্যে কয়েকজন ভর্তি হয়ে চিকিৎসা নিলেও অধিকাংশ প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।